The Bangladesh Monitor - A Premier Travel Publication

# কাতারের হামাদ এখন বিশ্বের সেরা বিমানবন্দর

- A Monitor Desk Report Date: 11 August, 2021



দোহা: সিঙ্গাপুরের চাঙ্গী বিমানবন্দরকে পেছনে ফেলে বিশ্বের সেরা বিমানবন্দরের মর্যাদা পেল কাতারের আল-হামাদ আন্তর্জাতিক বিমানবন্দর। এবারে স্কাইট্র্যাক্স ওয়ার্ল্ড এয়ারপোর্ট এওয়ার্ডসে হামাদ এই অনন্য সম্মাননা অর্জন করে। গত আট বছর যাবত এই স্থানটি ধরে রেখেছিল চাঙ্গী বিমানবন্দর।

২০১৪ সালে যাত্রা শুরুর পর হামাদ বিমানবন্দর ক্রমান্বয়ে বিশ্ব র্যাং কিংয়ে এ উন্নতি করে আসছিল।

কাতারের রাজধানী দোহায় অনুষ্ঠিতব্য ফিফা ওয়ার্ল্ডকাপ ২০২২কে কেন্দ্র করে হামাদের গুরুত্ব বেড়েই চলেছে। এই মেগাফুটবল ইভেন্টকে সামনে রেখে হামাদ কর্তৃপক্ষ বেশ কিছু চমকপ্রদ উদ্যোগ বাস্তবায়ন করছে। বিমানবন্দরের যাত্রী হ্যান্ডলিং ক্ষমতা বাৎসরিক ৫কোটি ৩০লক্ষে উন্নীত হচ্ছে, নির্মীত হচ্ছে ১১০,০০০ বর্গফুটের নান্দনিক ট্রপিক্যাল গার্ডেন, সাথে রয়েছে প্রায় ৯০০ফুট উচ্চতার একটি জলপ্রপাত।

বর্তমানে যে ১০টি বিমানবন্দর বিশ্বে শীর্ষ স্থান দখল করে আছে সেগুলো হলো- হামাদ আন্তর্জাতিক বিমানবন্দর, টোকিও হানেদা বিমানবন্দর, সিঙ্গাপুর চাঙ্গী বিমানবন্দর, ইঞ্চিয়ন আন্তর্জাতিক বিমানবন্দর, নারিতা আন্তর্জাতিক বিমানবন্দর, মিউনিখ বিমানবন্দর, জুরিখ বিমানবন্দর, লন্ডন হিথ্রো বিমানবন্দর, কানসাল আন্তর্জাতিক বিমানবন্দর এবং হংকং আন্তর্জাতিক বিমানবন্দর।